



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 15 Apr. 26

TIME: 7:35 AM

আজ বাংলা নববর্ষ । ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে আজ বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে আজ শিলচর শহরে এক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । সম্মেলনের আদর্শ- বৃহত্তর বাঙালি জাতিসত্তার ভাবনাকে সামনে রেখে বরাক উপত্যকার বিভিন্ন ভাষা ও জনগোষ্ঠীর লোকেদের নিয়ে, ঐক্য ও সম্প্রীতির বার্তায় পৌঁছে দিতে ঐক্যবদ্ধভাবে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে জমায়েত হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে শিলচর বঙ্গ ভবনে এসে শেষ হবে । এই শোভাযাত্রাকে সফল করে তুলতে শিলচর ব্যায়াম বিদ্যালয়, সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ, রূপম, পূবালী সহ বিভিন্ন সংস্থা- সংগঠন একযোগে শোভাযাত্রায় সামিল হচ্ছে ।

সমগ্র রাজ্যে আজ রঙ্গালী বিহু পালন করা হচ্ছে । আজ অসমীয়া নতুন বছরের প্রথম দিন স্নান করে গুরুজনদের আশীর্বাদ গ্রহন করা হয় । আজ চিরা-দৈ , বিভিন্ন পিঠা-পুলি দিয়ে অতিথিদের স্বাগত জানানো হবে ।

গতকাল গরু বিহু হিসেবে উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকাল থেকে নদীর ঘাট ও খাল বিলগুলিতে পরম্পরাগত রীতি নীতি অনুসারে গরুর গা ধুইয়ে বছরব্যাপী গোধনের শ্রীবৃদ্ধি কামনা করা হয় ।

কাছাড় জেলার তারাপুর অসমীয়া বস্তি , ঝাপিরবন্দ , লারসিংপার স্থানেও গরু বিহু পালন করা হয় ।

শ্রীভূমি জেলার বরগুলা , ঘিলাইজান সহ অন্যান্য অসমীয়া অধ্যুষিত গ্রামগুলিতে গতকাল সকালে পরম্পরাগত গরু বিহু পালন করা হয় ।

হাইলাকান্দি জেলার অসমীয়া অধ্যুষিত দরকাপুর গ্রামে গতকাল গরু বিহু উপলক্ষ্যে গ্রামবাসীরা গরুকে স্নান করিয়ে পূজা অর্চনা করেন । উল্লেখ্য আগামী সাত দিনব্যাপী দরকাপুর গ্রামে বিহু উদযাপনের প্রস্তুতি নেওয়া হয়েছে ।

বড়ো সম্প্রদায়ের পক্ষ থেকে আজ বৈশাখ পালন করা হচ্ছে ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পয়লা বৈশাখ , রঙ্গালী বিহু , বৈশাখী , বিষুব সংক্রান্তী , বৈশাখাদী , মেঘাদী এবং পুথান্দু উপলক্ষে দেশের জনসাধারণ সহ প্রবাসী ভারতীয়দের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে দেশের বিভিন্ন প্রান্তে কৃষিকাজের সঙ্গে জড়িত এই উৎসব উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পালন করা হচ্ছে । শ্রীমতী মুর্মু বলেন এই উৎসবের মাধ্যমে জনসাধারণ মাতৃস্বরূপা ধরিত্রী এবং অনন্যদাতা কৃষকদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । এই উৎসব দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য , কৃষি পরম্পরা এবং বৈচিত্র্যের মধ্যে ঐক্যের বার্তাকে প্রতিফলিত করে । এই উৎসব সবার জীবনে সুখ , সমৃদ্ধি বয়ে আনা সহ জনসাধারণকে সমাজ ও দেশের জন্য কাজ করে যেতে উৎসাহিত করবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন ।

উপ-রাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ বলেন যে এই প্রাণবন্ত উৎসব এক ভারত শ্রেষ্ঠ ভারতের বাণীকে প্রতিফলিত করে । এ ধরনের উদযাপন কৃষিকার্যের সূচনা করা সহ মানুষ , প্রকৃতি এবং পরম্পরার মধ্যে বাঁধন আরও শক্তিশালী করে বলে মন্তব্য করেন ।

সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রীমোদী বলেন যে এই উৎসব কৃতজ্ঞতাবোধ , নতুন আশার সঞ্চার করা সহ দেশকে অন্ন সরবরাহ করা কৃষকদের কঠোর পরিশ্রমের মূল্যায়ণ করে । নতুন বছর সবার জন্য সুখ , সাফল্য , সুস্বাস্থ্য ও আনন্দময় হয়ে উঠবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।

এদিকে রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা রঙ্গালী বিহ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

.....

জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের জন্য গঠিত বিচারপতি সৌমিত্র শইকিয়ার তদন্ত কমিশন হাফলং কারাগারে থাকা দুজন অভিযুক্ত শেখর জ্যোতি গোস্বামী ও অমৃতপ্রভা মহন্তকে কারাগারে জেরা করে জবানবন্দী লিপিবদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করেছে । কমিশনের গুয়াহাটী চান্দমারী কার্যালয় থেকে জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী গতকাল থেকে শুরু হওয়া এই প্রক্রিয়া আগামী ১৭ ই এপ্রিল পর্যন্ত চলবে । বিচারপতি শ্রী শইকিয়া ভারুয়াল ব্যবস্থার মাধ্যমে অভিযুক্ত দুজনের ভাষ্য গ্রহণ করছেন ।

.....

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হাইলাকান্দি এস এস কলেজের নাম ও ঠিকানা সংশোধন করে শ্রীকিশান সারদা কলেজ করেছে এবং জেলার ঠিকানা হাইলাকান্দি হিসেবে উল্লেখ করেছে । কলেজের তৎকালীন অধ্যক্ষ ডক্টর রতন কুমার ২০২৫ সালের ফেব্রুয়ারীতে দায়িত্ব গ্রহণ করার পর কলেজের নাম ও ঠিকানা সংশোধনের জন্য ইউ জি সি-র কাছে পত্র প্রেরণ করেন । দীর্ঘ প্রচেষ্টার পর ইউ জি সি আনুষ্ঠানিকভাবে কলেজের নাম ও ঠিকানা সংশোধন করার ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে । উল্লেখ্য ১৯৫০ সালে প্রতিষ্ঠিত শ্রীকিশান সারদা কলেজ ইউ জি সির তালিকায় এস এস কলেজ নামে পরিচিত ছিল এবং ঠিকানা ছিল কাছাড় জেলা ।

.....

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলায় চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় কিছু বিদ্যালয়ে হতাশাজনক ফলাফলকে কেন্দ্র করে তদন্ত কমিটি গঠন করা হয়েছে । জেলার শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত অন্তরা সেন গোস্বামী জানিয়েছেন যে জেলায় মাধ্যমিক পরীক্ষায় খারাপ ফলাফলের বিষয় তদন্ত করতে বিদ্যালয় সমূহের পরিদর্শক তাপস দত্তকে দায়িত্ব দেওয়া হয়েছে । এছাড়াও চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির প্রধান শিক্ষকদের জবাবদিহি করতে হবে বলে জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে । উল্লেখ্য হাইলাকান্দি জেলার যেসব বিদ্যালয়ে পাশের হার ১০ শতাংশের নীচে, সেগুলিকে তদন্তের আওতায় আনা হয়েছে । উত্তীনের হার দশ শতাংশের নীচে থাকা বিদ্যালয়গুলি হচ্ছে- জামিরা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় , সূনা অনন্ত কৃষ্ণ রাম হাইস্কুল , কালাছড়া এন টি মডেল উচ্চ মাধ্যমিক বিদ্যালয় , অ্যাডভেন্ট সিনিয়র সেকেন্ডারী স্কুল , বড় হাইলাকান্দি হাইস্কুল , ইলিয়াস আলী মেমোরিয়াল উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং রামচন্দ্র মুক্তবাসী হাইস্কুল ।
